**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 16-01-2026**
**Time: 7-35 A.M.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ রাজ্যে চলতি SIR প্রক্রিয়ার সময়সীমা ১৯শে জানুয়ারি পর্যন্ত বাড়িয়েছে নির্বাচন কমিশন। # SIR-এর শুনানি চলাকালীন উত্তর দিনাজপুরের চাকুলিয়ায় বিডিও অফিসে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় ১০ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

২/ প্রধানমন্ত্রী আগামীকাল, 'বন্দে ভারত স্লিপার' এক্সপ্রেস সহ এরাজ্য থেকে চলা, বেশ কয়েকটি নতুন ট্রেনের উদ্বোধন করবেন।

৩/ সুপ্রিম কোর্টে ইডি আধিকারিকদের বিরুদ্ধে দায়ের হওয়া FIR এর তদন্তের উপর স্থগিতাদেশ জারি হওয়া, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পক্ষে বড় রকমের ধাক্কা বলে বিজেপি উল্লেখ করেছে।

৪/ বিচারপতি সুজয় পাল আজ কলকাতা হাইকোর্টের স্থায়ী বিচারপতি পদে শপথ নেবেন।

৫/ সরস্বতী পুজো ও নেতাজীর জন্মজয়ন্তী হওয়ার কারণে, ২৩-শে জানুয়ারী জয়েন্ট এন্ট্রান্স মেইন পরীক্ষা হচ্ছে না বলে জানিয়েছে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'- NTA ।

৬/ কলকাতার আলিপুর আবহাওয়া দপ্তর, দেশের সেরা 'ডপলার আবহাওয়া রেডার স্টেশনে'র পুরস্কার পেয়েছে।

*****************************************************************

রাজ্যে চলতি SIR প্রক্রিয়ার সময়সীমা ১৯শে জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। নির্বাচন কমিশনের এক নির্দেশিকায় জানানো হয়েছে, SIR সংক্রান্ত পূর্বঘোষিত সময়সূচি পুনর্বিবেচনার সংশ্লিষ্ট রাজ্যগুলির অনুরোধ এবং বাস্তব পরিস্থিতি বিবেচনা করেই এই সময়সীমা বাড়ানো হয়েছে। নির্দেশিকায় পশ্চিমবঙ্গ-সহ গোয়া, লাক্ষাদ্বীপ, রাজস্থান ও পুদুচেরির মুখ্য নির্বাচনী আধিকারিকদের অবিলম্বে রাজ্য গেজেটে সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ এবং সময়সীমা বৃদ্ধির বিষয়টি ব্যাপকভাবে প্রচারের নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট সব আধিকারিককে নতুন সময়সূচি কঠোরভাবে মেনে চলতেও বলা হয়েছে। অর্থাৎ ভোটার তালিকায় নাম সংক্রান্ত দাবি, সংশোধনী বা আপত্তি জানানোর জন্য নাগরিকরা আরও চার দিন অতিরিক্ত সময় পাচ্ছেন।

পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী গতকাল ওই সময়সীমা শেষ হওয়ার কথা ছিল।

****************************

SIR-এর শুনানি চলাকালীন উত্তর দিনাজপুরের চাকুলিয়ায় বিডিও অফিসে ভাঙচুরের ঘটনায় তদন্ত চলছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। গতকাল নজরুল মঞ্চে একটি কর্মসূচীতে যোগ দিয়ে তিনি বলেন, আইন শৃঙ্খলা রক্ষার বিষয়টি রাজ্যের দায়িত্ব।

( বাইট- EC মনোজ আগরওয়াল )

চাকুলিয়ায় বিডিও অফিসে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় এ'পর্যন্ত ১০ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে বলে জানিয়েছেন ইসলামপুর পুলিশ জেলার সুপার জোবি থমাস। ( বাইট- জোবি থমাস )

****************************

SIR-এর শুনানি পর্বে পরিকল্পিতভাবে হামলা চালানো হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের মুখপাত্র দেবজিৎ সরকার গতকাল সাংবাদিকদের কাছে একথা বলেন। SIR প্রক্রিয়া সময়ে শেষ না হলে তার দায় মমতা ব্যানার্জীর সরকারকেই নিতে হবে বলে তিনি মন্তব্য করেন।

*******************

তৃণমূল কংগ্রেস, ভুতুড়ে ভোটারদের নাম তালিকার অন্তর্ভুক্ত করতে মরিয়া চেষ্টা চালাচ্ছে বলে বিজেপি নেতা নিশীথ প্রামানিক অভিযোগ করেছেন।

গতকাল শিলিগুড়িতে এক দলীয় কর্মসূচীতে অংশ নিয়ে তিনি বলেন, উত্তর দিনাজপুরের চাকুলিয়ার ঘটনা বিচ্ছিন্ন নয়, বরং সারা রাজ্যেই এমনটা ঘটছে। মুখ্যমন্ত্রী নিজেই বিডিও-এসডিও অফিসে দলীয় কর্মীদের ধর্না দিতে উৎসাহিত করছেন বলে অভিযোগ করেন তিনি।

*******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল পশ্চিমবঙ্গ ও আসামের মধ্যে সংযোগ স্থাপনকারী বন্দে ভারত স্লিপার এক্সপ্রেস সহ বেশ কয়েকটি নতুন ট্রেনের উদ্বোধন করবেন। অন্যান্য ট্রেনগুলির মধ্যে রয়েছে নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল অমৃত ভারত এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লি 'অমৃত ভারত এক্সপ্রেস', আলিপুরদুয়ার-এসএমবিটি বেঙ্গালুরু অমৃত ভারত এক্সপ্রেস, আলিপুরদুয়ার-মুম্বাই (পানভেল) অমৃত ভারত এক্সপ্রেস, রাধিকাপুর-এসএমবিটি বেঙ্গালুরু মেল এক্সপ্রেস এবং বালুরঘাট-এসএমবিটি বেঙ্গালুরু মেল এক্সপ্রেস। এর ফলে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, উত্তর প্রদেশ এবং মধ্যপ্রদেশের মধ্যে যাত্রী যোগাযোগ উন্নত হবে।

আগামী রবিবার (১৮ তারিখ) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হাওড়া-আনন্দ বিহার টার্মিনাল অমৃত ভারত এক্সপ্রেস, শিয়ালদহ-বারাণসী অমৃত ভারত এক্সপ্রেস এবং সাঁতরাগাছি-তাম্বারাম অমৃত ভারত এক্সপ্রেসের উদ্বোধন করবেন। এই ট্রেনগুলি চালু হলে যাত্রীরা কম সময়ে তাদের গন্তব্যে পৌঁছাতে পারবেন। এই উদ্যোগের ফলে আসামের কামরূপ মেট্রোপলিটন এবং বঙ্গাইগাঁও জেলার পাশাপাশি পশ্চিমবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, মালদা, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, হুগলি এবং হাওড়া জেলার বাণিজ্য, পর্যটন এবং আর্থ-সামাজিক উন্নয়নেও সহায়তা করবে।

এদিকে, প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে মালদায় চূড়ান্ত প্রস্তুতি চলছে। গতকাল অতিরিক্ত জেলাশাসক অনিন্দ্য সরকার সভার প্রস্তুতি খতিয়ে দেখেন।

*******************

ফার্স্ট স্ট্যাটুটস

*******************

সুপ্রিম কোর্ট ইডি আধিকারিকদের বিরুদ্ধে দায়ের হওয়ার FIR-এর তদন্তের ওপর স্হগিতাদেশ জারি করা, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পক্ষে এক বড়রকমের ধাক্কা বলে অবিহিত করেছে বিজেপি। দলের জাতীয় মুখপাত্র গৌরব ভাটিয়া নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, মমতা ব্যানার্জী আইন ও শৃঙ্খলা পথে চলেন না। ইডি-র ওপর হামলার ঘটনাতেও রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের কড়া সমালোচনা করে শ্রী ভাটিয়া বলেন, কেন্দ্রীয় তদন্তকারী সংস্হাগুলিকে প্রতি পদে বাধা দেওয়া হচ্ছে।

*******************

সুপ্রিম কোর্ট আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের কলকাতার বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় ইডি আধিকারিকদের বিরুদ্ধে দায়ের হওয়া মোট চারটি FIR এর তদন্তের উপর স্থগিতাদেশ জারি করেছে।

দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ গতকাল এ'সংক্রান্ত মামলার শুনানিতে, কোনো কেন্দ্রীয় এজেন্সি যখন তদন্ত করছে তখন রাজ্যের পুলিশ প্রশাসন সেখানে হস্তক্ষেপ করতে পারে কিনা সেই প্রশ্ন তোলেন। তবে, কোনো কেন্দ্রীয় এজেন্সির রাজনৈতিক দলের নির্বাচনী নথি যাচাই করার ক্ষমতা নেই বলে তাদের অভিমত। কোন গুরুত্বপূর্ণ বিষয় যদি যুক্ত থাকে তাহলে তারা তা খতিয়ে দেখতে পারে কিনা সেই মর্মে সব পক্ষকে নোটিশ দেওয়া হচ্ছে।

তেসরা ফেব্রুয়ারি মামলার পরবর্তী শুনানি। ওই দিনই সবপক্ষ তাদের বক্তব্য জানাবে।

*******************

আইপ্যাকে তল্লাশির সময় ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে কলকাতা হাইকোর্ট, বিজেপি-কে ধর্ণা কর্মসূচী তাদের চাহিদা মতো নবান্নের সামনে করতে না দিয়ে মন্দিরতলা বাস স্ট্যান্ডে করার অনুমতি দেওয়ায়, বিজেপি ডিভিশন বেঞ্চে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষ গতকাল তার নির্দেশ জানিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে মন্দিরতলা বাস স্ট্যান্ডের সামনে বেলা ১০-টা থেকে বিকেল চারটে পর্যন্ত সর্বাধিক ৫০ জন বিধায়ককে নিয়ে এই ধর্ণা দেওয়া যাবে, কিন্তু কোন মাইক ব্যবহার করা চলবে না। ১২/১৫ মাপের স্টেজ করা যাবে, এবং ধর্ণা শেষ হওয়ার ২৪ ঘন্টার মধ্যে সেই জায়গা পরিস্কার করে দিতে হবে বলে শর্ত দিয়েছেন বিচারপতি।

*******************

কলকাতা হাইকোর্টের স্থায়ী প্রধান বিচারপতি পদে আজ শপথ নেবেন বিচারপতি সুজয় পাল। রাজ্যপাল সি ভি আনন্দ বোস তাঁকে পদ ও মন্ত্রগুপ্তির শপথবাক্য পাঠ করাবেন । গত বছরের সেপ্টেম্বরে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির দায়িত্বভার গ্রহণ করেন বিচারপতি সুজয় পাল। সম্প্রতি তাঁকে স্থায়ী প্রধান বিচারপতি নিয়োগের সুপারিশ করে সুপ্রিম কোর্টের কলেজিয়াম।

*******************

সরস্বতী পুজো এবং নেতাজীর জন্মজয়ন্তী ২৩-শে জানুয়ারী, জয়েন্ট এন্ট্রান্স মেইন পরীক্ষা হচ্ছে না বলে জানিয়ে দিয়েছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA । এই পরীক্ষা কবে হবে, তা পরে জানানো হবে বলে NTA-এর পক্ষ থেকে এক্সহ্যান্ডে জানানো হয়েছে।

উল্লেখ্য, ২৩ তারিখ এই পরীক্ষার দিন বদল চেয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আপত্তি জানিয়ে চিঠি দিয়েছিলেন।

*******************

হুগলী জেলার ত্রিবেণীতে আগামী মাসের ১১ থেকে ১৪ তারিখ পর্যন্ত বঙ্গ-কুম্ভ স্নান মহোৎসবের আয়োজন হয়েছে। ১৩ই ফেব্রুয়ারি মাঘী সংক্রান্তি তিথিতে অমৃত স্নান যোগ।

প্রায় সাতশ বছর পর ২০২২ সালে পশ্চিমবঙ্গের হুগলী জেলার ত্রিবেণীতে বঙ্গ কুম্ভ স্নান মহোৎসবের পুনর্জাগরণের সূচনা হয়। এ বছর এই উৎসবের পঞ্চম বর্ষ।

*******************

কলকাতার আলিপুর আবহাওয়া দপ্তর,  দেশের সেরা ডপলার আবহাওয়া র‍্যাডার স্টেশনের পুরস্কার পেয়েছে।

IMD' র ১৫১-তম প্রতিষ্ঠা দিবসে গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড জিতেন্দ্র সিং, আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস-এর  হাতে এই পুরস্কার তুলে দেন।

*******************

রাজ্য জুড়ে শীতের আমেজ বজায় রয়েছে। আগামী দুদিন সর্বনিম্ন তাপমাত্রার বিশেষ পরিবর্তন না হলেও রবিবার থেকে তা ১ / ২ ডিগ্রি বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে।  আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা  ছিল ১২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ২’ ডিগ্রি কম।

( সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।)

উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে কুয়াশা থাকার সম্ভাবনা।

*******************

বাংলার প্রাক্তন ক্রিকেটার অজয় ভার্মা প্রয়াত।  বয়স হয়েছিল ৬২ বছর। বাংলার হয়ে ২৫টি প্রথম শ্রেণির ও ১১টি লিস্ট 'এ' ম্যাচ খেলেছেন তিনি। সিএবির ভিশন ২০২৮ প্রকল্পেরও অন্যতম কোচ ছিলেন।

জানা গিয়েছে, গতকাল সকালে তিনি অসুস্থ বোধ করেন। হাসপাতালে ভর্তি করার পর সেখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

********************************************************************